

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
কলমাকান্দা, নেত্রকোণা।

বিষয়: উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটির জানুয়ারি/২০২২খ্রি: মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি: উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা।

সভার স্থান: উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা) এর কার্যালয়, কলমাকান্দা, নেত্রকোণা।

সভার তারিখ: ২০/০১/২০২২ খ্রি: সময়: সকাল ১১:০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক'।

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা গৃহিত হয়। কলমাকান্দায় উপজেলায় নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ এ বিস্তারিত আলোচনা শেষে নিম্ন লিখিত সিদ্ধান্ত গৃহিত হয়।

ক্র; নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহিত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১.	* নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ। *নারীদের আর্থ সামাজিক উন্নয়ন ও সামাজিক সুরক্ষা কর্মসূচি। *বিবিধ	সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব, কলমাকান্দা উপজেলাধীন ০৮ টি ইউনিয়নে মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত ১২ টি স্বেচ্ছাসেবী মহিলা সমিতি রয়েছে। এসব স্বেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহ নারী ও শিশু কল্যানসহ সামাজিক উন্নয়নে বিভিন্ন ধরনের কার্যক্রম করে আসছে। ১১টি সমিতির মধ্যে ০১টি সংগঠন রয়েছে নারী উন্নয়ন ফোরাম যারা নারীর বিশেষকরে সংগঠনটি নারীর রাজনৈতিক ক্ষমতায়নে কাজ করে যাচ্ছে। সমিতিসমূহ এ সকল উন্নয়নমূলক কার্যক্রম নিজস্ব অর্থায়নে করে থাকেন। পাশাপাশি মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে সাধারণ অনুদানের জন্য প্রতিবছরই আবেদন জানিয়ে থাকে। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন নারীদের আর্থ সামাজিক উন্নয়ন ও সামাজিক সুরক্ষা কর্মসূচীর মধ্যে বর্তমানে কাজ চলছে “দুস্থ মহিলা উন্নয়ন (ভিজিডি) কর্মসূচী। ভিজিডি কর্মসূচীর আওতায় দুস্থ, অসহায়, বিধবা, স্বামী পরিত্যক্তা নারীদের ২ (দুই) বছর ৩০ কেজি করে খাদ্য (চাল) সহায়তা প্রদান করা হয়। ২০২০-২০২১ চক্রে কলমাকান্দা উপজেলা সর্বমোট=১৭৭১ জন উপকারভোগী রয়েছে। উপকারভোগীগণ প্রতি মাসে ৩০ কেজি করে খাদ্য সহায়তার পাশাপাশি মাসিক দুইশত টাকা করে সঞ্চয় জমা করেছেন। যা ২ (দুই) বছর শেষে মুনাফা সহ প্রায় ৫ (পাঁচ) হাজার টাকা ফেরত পাবেন। এছাড়া উপকারভোগীদের নির্বাচিত এনজিওর মাধ্যমে সচেতনতা এবং জীবনদক্ষতামূলক প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। চক্র শেষে উপকারভোগীগণ লব্ধকৃত প্রশিক্ষণকে কাজে লাগিয়ে প্রাপ্ত সঞ্চয় দিয়ে নিজেদের স্বাবলম্বী করতে পারবে। এ বিষয় এনজিও সংস্থা এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় হইতে সহযোগিতা করা হয়। প্রশিক্ষণে ভিডলিউবি	* সমিতি সংগঠন কে কাজে লাগিয়ে নারীদের সংঘবদ্ধভাবে কাজে লাগাতে হবে। *খাদ্য বিতরণ ও সঞ্চয় আদায়ে সচ্ছতা এবং জবাবদিহিতা নিশ্চিত করানোর লক্ষ্যে সরেজমিনে পরিদর্শন করানো সিদ্ধান্ত গৃহিত হয়। *উপকারভোগীদের নির্বাচিত এনজিওর মাধ্যমে সচেতনতা এবং জীবন দক্ষতামূলক প্রশিক্ষণ প্রদানের পাশাপাশি উপজেলায় চলমান আইজিএ প্রশিক্ষণ প্রকল্পের প্রশিক্ষকদের মাধ্যমে আয়বর্ধক প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। ফেরত প্রাপ্ত সঞ্চয় আত্মকর্মসংস্থানে ব্যয় তা মনিটরিং এর জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হয়। কলমাকান্দা উপজেলাকে বাল্য বিবাহ মুক্ত করতে ভিজিডি উপকারভোগীগণ কে তার পরিবারে কোনো বাল্য বিবাহ হতে দিবে না এই মর্মে অঙ্গীকার/শপথনামা করানোর	*উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ইউনিয়ন ট্যাগ অফিসারগণ এবং সংশ্লিষ্ট ইউপি পরিষদ।